

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩

স্মারক নং-খুপ্রবি/

তারিখ:


বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ১৯৭১ সালের ৭ই মার্চ সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক ভাষণ বাঙালী জাতির মুক্তির সনদ। এ ভাষণ বাঙালি জাতির চিরন্তন অনুপ্রেরণার নিরন্তর উৎস। জাতিসংঘের ইউনেস্কো কর্তৃক ঐতিহাসিক ৭ই মার্চের ভাষণকে 'মেমোরি অব দ্য ওয়ার্ল্ড' (বিশ্বের স্মৃতি) হিসেবে স্বীকৃতি দিয়ে 'ডকুমেন্টারী হেরিটেজ' (প্রামাণ্য ঐতিহ্য) হিসেবে ঘোষণা করায় আমরা গর্বিত। অত্র বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ কারণে এ বছর অর্থাৎ ২০১৮ সালের ৭ই মার্চ দিবসটিকে বিশেষভাবে পালন করার উদ্যোগ গ্রহণ করেছে।

এ উপলক্ষ্যে আগামী ০৭/০৩/২০১৮ইং তারিখ রোজ বুধবার বিকাল ৩-০০ ঘটিকায় বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারের ২য় তলায় আলোচনা সভা অনুষ্ঠিত হবে। বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের ডীনবৃন্দ। সভায় সভাপতিত্ব করবেন পরিচালক (ছাত্র কল্যাণ) প্রফেসর ড. সোবহান মিয়া।

উক্ত আলোচনা সভায় সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে এ বিজ্ঞপ্তি জারী করা হলো।



রেজিস্ট্রার

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং-খুপ্রবি/ ২২৫৮/৫০

তারিখ: ৫/০৩/১৮